

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নশ্বর এই দুনিয়ার কোন কিছুর জন্য মসজিদে আওয়াজ উঁচু করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ رَفْعِ الْأَصْوَاتِ فِي الْمَسَاجِدِ لِأَجَلِ شَيْءٍ مِنْ أَسْبَابِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ

আরবী

1649 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا أبو خيثمة قال: حدثنا المقرىء قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ يَقُولُ: حَدَّثَنِي أَبُو عَبْدِ اللَّهِ مَوْلَى شَدَّادِ بْنِ الْهَادِ أَنَّهُ سَمِعْ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْكَ عَبْدِ اللَّهِ مَوْلَى: لَا أَدَّاها اللَّهُ عَلَيْكَ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: لَا أَدَّاها اللَّهُ عَلَيْكَ فَإِنَّ الْمَسْجِدِ فَلْيَقُلْ: لَا أَدَّاها اللَّهُ عَلَيْكَ فَإِنَّ الْمَسَاجِدَ لَمْ تُبْنَ لهذا)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1649 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (492)

বাংলা

১৬৪৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে ব্যক্তি মাসজিদে কাউকে হারানো জিনিসের ঘোষনা দিবে, তবে তাকে বলবে, ঠিটি غَلَيْكُ (আল্লাহ তোমাকে এটি পাইয়ে না দিক)। কেননা মাসজিদসমূহ এজন্য তৈরি করা হয়নি।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৬৮; মুসনাদ আহমাদ: ২/৩৪৯; আবূ দাউদ: ৪৭৩; আবূ আওয়ানা: ১/৪০৬; সুনান বাইহাকী: ২/৪৪৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন